# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৮০৯

১৮/ জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ১৮/১৮. সমরাস্ত্র

بَاب السِّلَاحِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ بْنِ سَمُرَةَ، أَنْبَأَنَا وَكِيعٌ، عَنْ سُفْيَانَ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنْ أَبِي الْخَلِيلِ، عَنْ عَلِيِّ بْنِ أَبِي طَالِبٍ، قَالَ كَانَ الْمُغِيرَةُ بْنُ شُعْبَةَ إِذَا غَزَا مَعَ النَّبِيِّ صلى الله عليه وسلم حَمَلَ مَعَهُ رُمْحًا فَإِذَا رَجَعَ طَرَحَ رُمْحَهُ حَتَّى يُحْمَلَ لَهُ . فَقَالَ لَهُ عَلِيٌّ لأَذْكُرَنَّ ذَلِكَ لِرَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم . فَقَالَ " لاَ تَفْعَلْ فَإِنَّكَ إِنْ فَعَلْتَ لَمْ تُرْفَعْ ضَالَّةٌ " .

বাংলা

৫/২৮০৯। ’আলী ইবনে আবূ তালিব (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, মুগীরা ইবনে শো’বা (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে জিহাদ করতে গেলে সাথে একটি বর্শা নিতেন। ফিরে এসে তিনি বর্শাটি ফেলে দিতেন। শেষে কেউ তা তুলে এনে তাকে দিতো। ’আলী (রাঃ) তাকে বলেন, আমি অবশ্যই এটা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলবো। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ এটা করো না। কেননা তুমি যদি এরূপ করো তবে কেউ আর কোন পড়ে থাকা জিনিস কুড়িয়ে নিয়ে ফেরত দিবে না।

## English

It was narrated that ‘Ali bin Abi Talib said:
“When Mughirah bin Shu’bah fought alongside the Prophet (ﷺ) he would carry a spear, and when he would come back he would throw his spear down so that someone would pick it up and give it back to him.” ‘Ali said to him: “I will tell the Messenger of Allah (ﷺ) about that.” He (the Prophet (ﷺ)) said: “Do not do that, for it you do that it will not be picked up as a lost item to be returned.”

## ফুটনোট

আহমাদ ১২৭৫।

তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী আবুল খালীল সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি মাকবুল। ইমাম যাহাবী বলেন, তিনি সিকাহ। ইমাম বুখারী যায়দ বিন আরকাম থেকে বলেন, তার হাদিসের অনুসরণ করা যাবে না। ইবনু হিব্বান বলেন, তিনি হাদিস বর্ণনায় সন্দেহ করেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩২৪৭, ১৪/৪৫৭ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=43425

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন